



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৫৫/২০২১


তারিখ: ১২ জানুয়ারী ২০২১খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” এর এক সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১২ জানুয়ারী ২০২১ তারিখ আনুমানিক বিকাল ১৫.১০ ঘটিকার সময় অভিযান চালিয়ে টাঙ্গাইল জেলার ধনবাড়ী এলাকা থেকে নিষিদ্ধঘোষিত জঙ্গী সংগঠন আনসার আল ইসলাম এর এক সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যর নাম মোঃ জাহিদুল ইসলাম@জাহিদ (২২), পিতা- আরিফুল ইসলাম@ মোঃ রিপন মিয়া, মাতা- মোছাঃ জহরা বেগম, ঠিকানা- দারুল উলুম, ধনবাড়ী মাদ্রাসা, সাং-পাইটকা, থানা-ধনবাড়ী, জেলা-টাঙ্গাইল। গ্রেফতারকালে তার নিকট থেকে উগ্রবাদী প্রচারণায় ব্যবহৃত ০২টি মোবাইল সেট এবং বেশকিছু উগ্রবাদী বই জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত মোঃ জাহিদুল ইসলাম@জাহিদ ‘গাজওয়াতুল হিন্দ’ প্রতিষ্ঠার লক্ষ্যে দীর্ঘদিন যাবত অনলাইনে জঙ্গীবাদী প্রচারণাসহ রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। মোঃ জাহিদুল ইসলাম@জাহিদ (২২) নিষিদ্ধঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম ” এর সদস্যপদ গ্রহণ, সমর্থন, এবং অনলাইনে সন্ত্রাসী কর্মকান্ড প্ররোচিত করায় তার বিরুদ্ধে টাঙ্গাইল ধনবাড়ী থানায় সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)এর সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের প্রক্রিয়াধীন রয়েছে।


১২/০১/২০২১

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।